# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট    সৃজনশীল প্রশ্ন    পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ ফিরোজ সাহেব ছাত্রছাত্রীদের বলেন, 'ক' দেশের আইন পরিষদেও আসন সংখ্যা ৩৫০। এর মধ্যে ৫০টি আসন মহিলাদের জন্য সংরক্ষিত। এ পরিষদ অনেক গুরুত্বপূর্ণ কাজ করে। ফিরোজ সাহেব আরও বলেন, এজন্য প্রয়োজন প্রকৃত যোগ্যতাসম্পন্ন সদস্য নির্বাচন করা। দেশের নাগরিকদের এ বিষয়ে সচেতন থাকতে হবে এবং দেশের জন্য উপযুক্ত সদস্য নির্বাচন করতে হবে।

ক. রাষ্ট্রের সকল সম্মানের উৎস কে? ১

খ. জাতীয় সংসদ কীভাবে আইন প্রণয়ন করে? ২

গ. জাতীয় সংসদ শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করে—ব্যাখ্যা কর। ৩

ঘ. "দেশের জন্য উপযুক্ত পার্লামেন্ট সদস্য নির্বাচন করা উচিত" বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ নিয়াজ একটি সংগঠনের গঠনপ্রণালি পর্যালোচনা করে দেখেন যে, একজন চেয়ারম্যান, ৩০ জন পুরুষ সদস্য, ৩ জন মহিলা সদস্য নিয়ে এ পরিষদ গঠিত, তারা সবাই নির্বাচিত। চেয়ারম্যান উপজাতীয়।

ক. বাংলাদেশে কয়টি সিটি কর্পোরেশন আছে? ১

খ. স্থানীয় স্বায়ত্তশাসিত সরকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে নিয়াজের পর্যালোচনাকৃত পরিষদের গঠন কাঠামো বাংলাদেশের কোন পরিষদের ক্ষেত্রে প্রয়োগযোগ্য? ৩

ঘ. বাংলাদেশের অন্যান্য স্থানীয় সরকারের সাথে নিয়াজের পর্যালোচনাকৃত সরকারের তুলনামূলক আলোচনা কর। ৪

**৩.** ▶ ঝিনুক একটি কারখানায় চাকরি করত। মুক্তিযুদ্ধের সময় তার কারখানার অনেকেই যুদ্ধে যোগদান করে। তাদের দেখাদেখি একদিন সে বাড়ি থেকে পালিয়ে একটি বাহিনীর অধীনে প্রশিক্ষণ নিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে। ব্রাহ্মণবাড়িয়ায় পাকিস্তানি সেনাদের বিরুদ্ধে অংশগ্রহণকালে গুলির আঘাতে তার একটি পা হারায়। যুদ্ধ শেষে ফিরে এসে সে তার চাকরি এবং পরিবার কিছুই ফিরে পায়নি।

ক. ছয় দফা কর্মসূচি কে উত্থাপন করেন? ১

খ. গেরিলা যুদ্ধ কী? ব্যাখ্যা কর। ২

গ. ঝিনুক মুক্তিযুদ্ধে কোন বাহিনীর সদস্য ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঝিনুক ও তার সঙ্গীরা এ দেশের শ্রেষ্ঠ সন্তান– মূল্যায়ন কর। ৪

teachingbd.com

৪. ▶ মিজান পরিবারের বড় ছেলে। তার বিয়ে ঠিক হওয়ায় ছোট ভাইবোনেরা খুশি। তার বাবা বিয়ের কার্ড ছাপিয়ে এনেছেন। সবাই কার্ড খুব পছন্দ করলেও বাধ সাধল মিজান। কারণ কার্ডটি সুন্দর হলেও ইংরেজিতে ছাপানো হয়েছে। এ প্রসঙ্গে তার পূর্বসূরিদের আত্মত্যাগের কথা স্মরণ করিয়ে দিয়ে কার্ডটি বাংলায় ছাপানোর অনুরোধ করল।

ক. ভাষা আন্দোলন কী? ১

খ. ভাষা আন্দোলনের কারণ কী ছিল? ২

গ. কোন আন্দোলনের প্রেরণা মিজানকে বিয়ের কার্ড পরিবর্তনে প্রভাবিত করেছিল—ব্যাখ্যা কর। ৩

ঘ. মিজানের এ ধরনের চেতনা বাঙালি জীবনে কী ভূমিকা রেখেছিল বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৪

৫. ▶ বিশ্বযুদ্ধের বিভীষিকা দেখে মানুষ বিশ্বে শান্তি প্রতিষ্ঠা ও যুদ্ধ বন্ধ করে বিভিন্ন দেশের সহযোগিতা ও উন্নয়নের লক্ষ্যে গড়ে উঠেছিল একটি সংস্থা। বাংলাদেশ ও অন্যান্য দেশের সহযোগিতা ও অর্থনৈতিক সামাজিক ক্ষেত্রে উন্নয়নের জন্য এ সংস্থার সদস্যভুক্ত হয় এবং সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে, যা বাংলাদেশের সাথে সংস্থার সম্পর্ককে আরও ঘনিষ্ঠ করেছে।

ক. বিশ্বশান্তি ও নিরাপত্তার মূল দায়িত্ব জাতিসংঘের কোন পরিষদের? ১

খ. বিশ্বনেতৃবৃন্দ কীভাবে জাতিসংঘ প্রতিষ্ঠা করে? ২

গ. বাংলাদেশ অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে উন্নয়নের জন্য কীভাবে উদ্দীপকের সংস্থা থেকে সাহায্য পেতে পারে? ৩

ঘ. 'বাংলাদেশের সাথে উদ্দীপকের সংস্থাটির ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে উঠেছে'—উক্তিটির যথার্থ বিশ্লেষণ কর। ৪

৬. ▶ বাংলাদেশ স্বাধীন হওয়ার পর সংবিধান রচনার জন্য একটি কমিটি গঠন করা হয়। এ কমিটি অনেক পরিশ্রম করে একটি খসড়া সংবিধান প্রণয়ন করে। পরে গণপরিষদে সদস্যদের পক্ষে বিপক্ষে মতামত প্রদানের পর তা গৃহীত ও কার্যকর হয়।

ক. ব্রিটিশ সংবিধানে ১২১৫ সালে প্রদত্ত অধিকার সনদের নাম কী? ১

খ. সংবিধান বলতে কী বোঝায়? ২

গ. কোন পদ্ধতির মাধ্যমে উদ্দীপকের দেশের সংবিধান প্রণীত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সংবিধান প্রণয়নে এছাড়া আরো অনেক পদ্ধতি রয়েছে কথাটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৭. ▶ মি. জেনাস একটি রাজনৈতিক দলের নেতা। জাতীয় সংসদ নির্বাচনে জনগণের ভোটে নির্বাচিত হয়ে তিনি রাষ্ট্রের শাসনকার্যে অংশগ্রহণ করেন। কিন্তু তিনি দলের স্বার্থ সংরক্ষণ করতে গিয়ে জনগণ ও সরকারের মধ্যে সেতুবন্ধনরূপে কাজ করতে ব্যর্থ হন। ফলে জনগণের কাছে তার ও তার দলের জনপ্রিয়তা কমে যায়। বর্তমানে তার দলের সংস্কার প্রয়োজন। কেননা গণতন্ত্রকে সার্থক করে তোলার ক্ষেত্রে রাজনৈতিক দলের ভূমিকা অনেক।

ক. রাজনৈতিক দলের প্রধান কাজ কী? ১

খ. রাজনৈতিক দলের দুটি উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. রাষ্ট্রের শাসনকার্য পরিচালনার ক্ষেত্রে নির্বাচিত জনপ্রতিনিধি হিসেবে মি. জেনাসের ভূমিকা কী হওয়া উচিত? ৩

ঘ. উদ্দীপকে আলোচিত গণতন্ত্রকে সার্থক করে তোলার ক্ষেত্রে রাজনৈতিক দলের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮. ▶ তামিম 'ক' রাষ্ট্রের নাগরিক। তার দেশের কেন্দ্রীয় সরকারের চাপ কম। অনেক ক্ষমতা ও দায়দায়িত্ব প্রদেশের মধ্যে ছড়িয়ে দিয়েছে। ফলে তারা আঞ্চলিক সমস্যা সহজে সমাধান করতে পারে। কেন্দ্রীয় সরকার স্বেচ্ছাচারী হয়ে ওঠার সুযোগ পায় না।

ক. ক্ষমতা বণ্টনের নীতিতে সরকার কত প্রকার? ১

খ. সংসদীয় সরকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে তামিমের 'ক' রাষ্ট্রে কী ধরনের সরকার ব্যবস্থা চালু আছে? নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকের সুবিধাগুলো সত্ত্বেও এ ধরনের সরকার ব্যবস্থায় অনেক অসুবিধা রয়েছে— কথাটি বিশ্লেষণ কর। ৪

৯. ▶ বেলী তার বান্ধবী জবাকে নিয়ে তার চাচার বাড়িতে বেড়াতে গেল। বেলীর চাচাতো ভাইবোন তাদের দুইজনকে সালাম দিল এবং তাদের সাথে কুশল বিনিময় করল। জবা খেয়াল করল যে, বাড়ির সদস্যরা বাবা-মায়ের আদেশ-নির্দেশ পালন করে এবং বিভিন্ন কাজে সাহায্য সহযোগিতা করে। দুপুরে খাবারের পর তারা দেশের রাজনীতি, অর্থনীতি ইত্যাদি বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করছিল।

ক. সমাজ কী? ১

খ. পারিবারিক কাঠামো সূত্রের ভিত্তিতে পরিবারের শ্রেণিবিন্যাস বুঝিয়ে লেখ। ২

গ. বেলীর চাচাতো ভাইবোনের কুশল বিনিময় পরিবারের কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ৩

ঘ. বর্ণিত পরিবারের পরিবেশই একজন সুনাগরিক গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করে— উক্তিটি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

## পৌরনীতি ও নাগরিকতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০

বিষয় কোড : ১ ৪ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কত নং সংবিধান সংশোধনীতে সংবিধানের আমূল পরিবর্তন আনা হয়?**
ⓚ দ্বিতীয় ⓝ প্রথম
ⓖ তৃতীয় ⓘ চতুর্থ

**২. বাংলাদেশের বার্ষিক বাজেট কোথায় পাস হয়?**
ⓚ জাতীয় সংসদে ⓝ মজলিসে
ⓖ বিধানসভায় ⓘ রাজ্যসভায়

**৩. বিচার বিভাগ আইনের কি অক্ষুণ্ন রাখে?**
ⓚ অনুশাসন ⓝ কার্যকারিতা
ⓖ সরলতা ⓘ প্রণয়ন

**৪. প্রশাসন বিকেন্দ্রীকরণে প্রশাসন ব্যবস্থা কিরূপ হয়?**
ⓚ শোষনমূলক ⓝ শাসনমূলক
ⓖ জবাবদিহিতামূলক ⓘ প্রবঞ্চনামূলক

**৫. উগান্ডা কোন মহাদেশে অবস্থিত?**
ⓚ ইউরোপ ⓝ আমেরিকা
ⓖ আফ্রিকা ⓘ এশিয়া

**৬. কোন দেশে রাজনৈতিক দলের অস্তিত্ব নেই?**
ⓚ ভারত ⓝ আমেরিকা
ⓖ কেনিয়া ⓘ সৌদি আরব

**নিচের চিত্রটি লক্ষ করে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**




**৭. উল্লিখিত চিত্রে কোন নির্বাচন পদ্ধতি প্রতিফলিত হয়েছে?**
ⓚ প্রত্যক্ষ ⓝ পরোক্ষ
ⓖ গোপন ভোটদান ⓘ প্রকাশ্য ভোট

**৮. উপরিউক্ত চিত্রের নির্বাচন পদ্ধতি আধুনিক বিশ্বে—**
i. অধিক জনপ্রিয় ও প্রশংসিত
ii. সর্বাধিক গণতান্ত্রিক ও গ্রহণযোগ্য
iii. আবেগময় ও উত্তেজনাকর

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓝ i ও ii
ⓖ ii ⓘ ii ও iii

**৯. বাংলাদেশে জেলা পরিষদের সংখ্যা কতটি?**
ⓚ ৪১ ⓝ ৪৮ ⓖ ৫৮ ⓘ ৬১

**১০. স্থানীয় শাসনের কর্মকর্তাবৃন্দ কারা?**
ⓚ নির্বাচিত প্রতিনিধি ⓝ স্থানীয় লোকজন
ⓖ সরকারি কর্মচারী ⓘ স্থানীয় পুলিশ

**১১. নাগরিক সেবা সহজলভ্য করার জন্য সরকার বর্তমানে কোনটি চালুর উদ্যোগ গ্রহণ করেছে?**
ⓚ ই-মেইল ⓝ ই-কমার্স
ⓖ ই-গভর্ন্যান্স ⓘ বি-ক্যাশ

**১২. কোন নদীটি জৈবিক দৃষ্টিকোণ থেকে মৃত?**
ⓚ বুড়িগঙ্গা ⓝ শীতলক্ষ্যা
ⓖ তুরাগ ⓘ কর্ণফুলী

**১৩. পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য একটি দেশের আয়তনের কত শতাংশ বনভূমি থাকা প্রয়োজন?**
ⓚ ২৫ ⓝ ২০ ⓖ ২২ ⓘ ২৮

**১৪. সন্ত্রাসের প্রধান উৎস কোনটি?**
ⓚ অনুন্নত রাজনীতি ⓝ জনসংখ্যা বৃদ্ধি
ⓖ প্রশাসনিক দুর্বলতা ⓘ শিক্ষার নিম্নমান

**১৫. দ্বিজাতিতত্ত্ব কে ঘোষণা করে?**
ⓚ একে ফজলুল হক
ⓝ মহাত্মা গান্ধী
ⓖ মোহাম্মদ আলী জিন্নাহ
ⓘ হোসেন শহীদ সোহরাওয়ার্দী

**১৬. কত সালে আওয়ামী-মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়?**
ⓚ ১ জানুয়ারি ১৯৪৮ ⓝ ২৩ জুন ১৯৪৯
ⓖ ৩ জানুয়ারি ১৯৪৯ ⓘ ৪ জানুয়ারি ১৯৪৯

**১৭. আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় কত সালে?**
ⓚ ১৯৬৬ ⓝ ১৯৬৭ ⓖ ১৯৬৮ ⓘ ১৯৬৯

**১৮. সার্কের সর্বশেষ সদস্য রাষ্ট্রের নাম কি?**
ⓚ মালদ্বীপ ⓝ ভুটান
ⓖ আফগানিস্তান ⓘ নেপাল

**১৯. জাতিসংঘের প্রথম মহাসচিব কে ছিলেন?**
ⓚ উ-থান্ট ⓝ ট্রিগভেলি
ⓖ দ্যাগ হেমার শোল্ড ⓘ ড. বুট্রোস ঘালি

**২০. আন্তর্জাতিক আদালতের বিচারকদের কাজের মেয়াদ কত বছর?**
ⓚ পাঁচ ⓝ ছয় ⓖ আট ⓘ নয়

**২১. বংশ গণনা ও নেতৃত্বের ভিত্তিতে পরিবারকে কয় শ্রেণিতে ভাগ করা যায়?**
ⓚ দুই ⓝ তিন ⓖ চার ⓘ পাঁচ

**২২. ব্রুনাইয়ের জনসংখ্যা কত?**
ⓚ প্রায় ১ লক্ষ ⓝ প্রায় ২ লক্ষ
ⓖ প্রায় ৩ লক্ষ ⓘ প্রায় ৪ লক্ষ

**২৩. বর্তমান কালে কোন পরিবার গঠনের প্রবণতা বেশি দেখা যায়?**
ⓚ মাতৃতান্ত্রিক ⓝ পিতৃতান্ত্রিক
ⓖ একক ⓘ যৌথ

Teachingbd.com

**২৪. ফরাসি বিপ্লব কোন সালে সংঘটিত হয়?**

ⓚ ১৬৮৮ ⓚ ১৭৮৯ ⓖ ১৯৬৯ ⓖ ১৭৭৬

(ক) ১৬৮৮ (খ) ১৭৮৯ (গ) ১৯৬৯ (ঘ) ১৭৭৬

**২৫. রাষ্ট্রের স্থায়ী বাসিন্দাকে কি বলা হয়?**

(ক) দেশবাসি (খ) প্রজা
(গ) নাগরিকতা (ঘ) নাগরিক

**২৬. নাগরিকের বন্ধু ও পথপ্রদর্শক কে?**

(ক) সরকার (খ) রাষ্ট্র
(গ) গ্রাম (ঘ) পৌরসভা

**২৭. অধিকার ও কর্তব্য–**

i. একই বস্তুর দুটি দিক মাত্র
ii. একটিকে বাদ দিলে অপরটি কল্পনা করা যায় না
iii. পরস্পর ভিন্ন দুটি দিক

**নিচের কোনটি সঠিক?**

(ক) i (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অংশটুকু পড় এবং ২৮-৩০ নং প্রশ্নের উত্তর দাও :**

নাগরিকের অধিকার উপভোগ ও কর্তব্যপালন করার মাধ্যমে নাগরিক জীবন বিকাশ লাভ করে। অধিকারের মাত্রা এবং কর্তব্য পালনের পরিবেশের দ্বারা একটি দেশের গণতান্ত্রিক ব্যবস্থার স্বরূপ ও প্রকৃতি জানা যায়।

**২৮. অধিকার ও কর্তব্যের পরিধি পরস্পরকে–**

(ক) আকর্ষণ করে (খ) সীমাবদ্ধ করে
(গ) দূরে ঠেলে দেয় (ঘ) সহায়তা করে

**২৯. নাগরিকের একটি অন্যতম কর্তব্য হল আইন মান্য করা। আইন না মানলে সমাজ বা রাষ্ট্রে লক্ষ করা যায়–**

i. শৃঙ্খলা থাকে না
ii. মানুষের জীবন দুর্বিসহ হয়ে ওঠে
iii. জীবন ও সম্পদের নিরাপত্তা থাকে না

**নিচের কোনটি সঠিক?**

(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩০. নাগরিক ও নাগরিকতার উদ্ভব হয় কোথায়?**

(ক) প্রাচীন গ্রিসে (খ) রোমে
(গ) মিশরে (ঘ) জাকার্তায়

**৩১. ইচ্ছেমতো কাজ করার ক্ষমতাকে কী বলে?**

(ক) স্বাধীনতা (খ) কর্তব্য
(গ) অধিকার (ঘ) সাম্য

**৩২.**




**উপরের তালিকার ফাঁকা বক্সে কি হবে?**

(ক) জনমত (খ) বিচারক
(গ) সংবিধান (ঘ) বিচারকের রায়

**৩৩. একটি নতুন আইন মানে হলো–**

i. একটি ক্রমবিবর্তন
ii. একটি বিবর্তন
iii. একটি সামাজিক পরিবর্তন

**নিচের কোনটি সঠিক?**

(ক) i (খ) iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**৩৪. জীবনধারণ, চলাফেরা ও সম্পত্তি ভোগের স্বাধীনতা কোন শ্রেণির স্বাধীনতার অন্তর্ভুক্ত?**

(ক) ব্যক্তিগত (খ) সামাজিক
(গ) অর্থনৈতিক (ঘ) রাজনৈতিক

**৩৫. বর্তমান যুগে প্রচলিত শাসন-ব্যবস্থাগুলোর মধ্যে কোন ব্যবস্থা সর্বোৎকৃষ্ট?**

(ক) গণতন্ত্র (খ) রাজতন্ত্র
(গ) সমাজতন্ত্র (ঘ) একনায়কতন্ত্র

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৬-৩৮ নং প্রশ্নের উত্তর দাও :**

সাইফুলের বসবাসকৃত রাষ্ট্রে নিয়মতান্ত্রিক রাষ্ট্রপ্রধান আছেন। তবে সেখানে প্রধানমন্ত্রির নেতৃত্বে মন্ত্রিসভা হয় প্রকৃত ক্ষমতার অধিকারী। রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর পরামর্শ ছাড়া কার্যত কিছু করেন না।

**৩৬. সাইফুলের বসবাসকৃত রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান?**

(ক) সংসদীয় (খ) একনায়কতান্ত্রিক
(গ) যুক্তরাষ্ট্রীয় (ঘ) রাষ্ট্রপতি শাসিত

**৩৭. সাইফুলের বসবাসকৃত রাষ্ট্রটি কিভাবে পরিচালিত হয়?**

(ক) জনমতের মাধ্যমে (খ) আদালতের মাধ্যমে
(গ) মিডিয়ার মাধ্যমে (ঘ) মন্ত্রিদের মাধ্যমে

**৩৮. সাইফুলের বসবাসকৃত রাষ্ট্রে মন্ত্রিগণ স্বৈরাচারী হয়ে উঠতে পারেন–**

i. ক্ষমতার অবিভাজন হলে
ii. মন্ত্রিসভা আইন সভার আস্থা হারালে
iii. মন্ত্রিসভার পতন ঘটলে

**নিচের কোনটি সঠিক?**

(ক) i (খ) ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩৯. বাংলাদেশের সংবিধানে কয়টি অনুচ্ছেদ রয়েছে?**

(ক) ১৪৯টি (খ) ১৫৩টি (গ) ১৫৪টি (ঘ) ১৫৭টি

**৪০. কাকে কেন্দ্র করে সংসদের কার্যক্রম পরিচালিত হয়?**

(ক) রাষ্ট্রপতি (খ) স্পীকার
(গ) প্রধানমন্ত্রী (ঘ) হুইপ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | খ |
| ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | গ |
| ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | খ | | | | | | | | | | | | | | | | |

http://teachingbd.com